

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

মাদ্রাসার শিক্ষক ও মসজিদের ইমামের কবল থেকে অপহৃত স্কুলছাত্রীকে পুলিশ উদ্ধার করেছে

গোবিন্দগঞ্জ থেকে নিজস্ব
সংবাদদাতা : গোবিন্দগঞ্জে এক
মাদ্রাসার শিক্ষক ও মসজিদের ইমামের
কবল থেকে অপহৃত এক স্কুল ছাত্রীকে
২৬ দিন পর পুলিশ উদ্ধার করেছে।
অতঃপর ঘটনার নায়ক মওলানাকে
পুলিশ গ্রেফতার করে জেলহাজতে প্রেরণ
করেছে। মওলানার বিরুদ্ধে গোবিন্দগঞ্জ
থানায় অর্থ আত্মসাৎ এবং নারী ও শিশু
নির্যাতন মামলা দায়ের হয়েছে।
জানা গেছে, গত ২২শে জুলাই
গোবিন্দগঞ্জ উপজেলার তুলসিপাড়া
গ্রামের বুলু সরকারের কন্যা বরকতউল্লা
বালিকা বিদ্যালয়ের ১০ম শ্রেণীর ছাত্রী
বিউটি আকতারকে (১৪) বিয়ের
প্রলোভন দেখিয়ে ওই গ্রামের মসজিদের
ইমাম ও হাফিজি মাদ্রাসার শিক্ষক ও
সন্তানের জনক অপহৃত বিউটি আক-
তারের গৃহশিক্ষক এমদাদুল হক
অপহরণ করে নিয়ে গিয়ে বিয়ে করে।
ওই ইমাম ২ বছর যাবৎ তুলসিপাড়া
মসজিদে ইমামতি ও হাফিজিয়া মাদ্রাসায়
শিক্ষকতা করত।

বিউটি আকতারের গৃহশিক্ষক মওলান
এমদাদুলের কনজঃ পড়ে এবং ইমাম

নানাভাবে প্রলোভন দিয়ে কোমলমতি
বিউটি আকতারকে নিয়ে উধাও হয়।
ওই ইমামের বাড়ি নাটোর জেলার সিংড়া
উপজেলার কানাইখালী গ্রামের মুনতুজর
আলীর পুত্র বলে জানা গেছে। সে ১৪
বছর আগে একটি বিয়ে করে ও সন্তান
রেখে বিভিন্ন স্থানে চাকরি করত।
চাকরির সুবাদে গোবিন্দগঞ্জের
তুলসিপাড়া গ্রামের মসজিদের ইমামতির
চাকরি পায়। বিউটি আকতার অপহৃত
হওয়ার পর থেকে তার পরিবারের
লোকজন বিভিন্ন স্থানে খোঁজববর করেও
উদ্ধার করতে পারেনি। ১৭ই আগস্ট
এলাকার লোকজন ওই ইমামকে বড়ড়া
থেকে আটক করে গোবিন্দগঞ্জ থানায়
সোপর্দ করেছে। পুলিশ আটক ইমামের
স্বীকারোক্তি অনুযায়ী গোবিন্দগঞ্জ থানার
এসআই শাহাজ্জল গাজী নেহাঙ্গ নিয়ে
বগুড়ার কটিনারপাড়া এলাকার একটি
বাড়ি থেকে উদ্ধার করে অপহৃত বিউটি
আকতারকে। ওই ইমামের বিরুদ্ধে
মসজিদের অর্থ আত্মসাৎের একটি
মামলা দায়ের হয়েছে। এদিকে
অপহৃতের পিতা বুলু সরকার নারী ও
শিশু নির্যাতন মামলা দায়ের করেছে।